

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-১৮/২০২১

তারিখঃ ২২/১১/২০২১খ্রিঃ


সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

### সি এন্ড এফ এজেন্ট ও কাস্টমস্ সরকারদের হালনাগাদ তথ্য প্রেরণের সময় বৃদ্ধি প্রসঙ্গে

সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কাস্টম হাউস, চট্টগ্রাম ব্যবহারকারীদের তথ্য হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সি এন্ড এফ এজেন্ট ও কাস্টমস্ সরকারদের তথ্য হালনাগাদ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চাহিত তথ্য অনুসারে প্রস্তুতকৃত ছক অনুযায়ী সিএন্ডএফ প্রতিষ্ঠানের মালিক/ অংশীদার (সকল)/পরিচালক (সকল) এবং কাস্টমস্ সরকার (সকল) এর তথ্য (ইংরেজী হরফে) পৃথকভাবে প্রতিষ্ঠানের লেটার প্যাড এ পূরণ করে প্রত্যেকের ছবি, এনআইডি, সিএন্ডএফ লাইসেন্স/কাস্টমস্ সরকার পারমিট এর ফটোকপি ১৮/১১/২০২১ ইং এর মধ্যে এসোসিয়েশনে প্রেরণের জন্য প্রচার পত্র নং- ৬২/২০২১, তারিখ- ০৪/১১/২০২১ ইং এর মাধ্যমে অনুরোধ করা হয়েছিল।

কিন্তু উক্ত সময়ের মধ্যে অনেক সদস্য প্রতিষ্ঠান হালনাগাদ তথ্য প্রেরণ না করায় জাতীয় রাজস্ব বোর্ডের সাথে আলোচনাক্রমে হালনাগাদ তথ্য প্রেরণের সময় আগামী ০৫/১২/২০২১ ইং পর্যন্ত বর্ধিত করা হলো।

এমতাবস্থায় প্রচার পত্র নং- ৬২/২০২১ অনুসারে প্রয়োজনীয় তথ্য আগামী ০৫/১২/২০২১ ইং তারিখের মধ্যে এসোসিয়েশনে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক